FEB 2 _ 2001

FEB 2001

পৃঃ ... কলাম ...

পড়াশোনা

# ব্যান্সডক লাইব্রেরি



১৯৮৬ সালে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ বর্তমান বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় বিজ্ঞান গ্রন্থাগার প্রকল্পটিকে ব্যান্সডকের সঙ্গে একীভূত করা হয়। আর এটিই বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক বই ও সাময়িকীর একটি আধুনিক জাতীয় রেফারেন্স সংগ্রহশালা হিসাবে 'ব্যান্সডক গ্রন্থাগার' নামে আত্মপ্রকাশ করে। ব্যান্সডক গ্রন্থাগারে প্রতিদিনই অনেক জ্ঞানপিপাসু নিরবচ্ছিন্ন অধ্যয়নের জন্য আসেন। ব্যান্ডসক গ্রন্থাগারে এ পর্যন্ত বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে সকল বিষয়ের ওপর প্রায় ১৬,২১৫টি পাঠ্যপুস্তক ও রেফারেন্স বইসহ দেশী-বিদেশী প্রায় ৩০০টি সাময়িকী সংগৃহীত হয়েছে।

ব্যান্সডক গ্রন্থাগারে প্রতিবছরই নতুন নতুন বই ও জার্নাল সংগ্রহ করা হয়। গত বছর ব্যান্সডক গ্রন্থাগারে ২০৫৪টি নতুন বই সংযোজিত হয়েছে। এছাড়া এই গ্রন্থাগারে 'ইলেকট্রনিক গ্রন্থাগার' বিভাগ প্রতিষ্ঠার জন্য পাঠকের চাহিদানুসারে বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক বেশ কিছুসংখ্যক সাময়িকী বর্তমানে পরীক্ষামূলকভাবে সিডিতে সংগ্রহ করা শুরু হয়েছে। এখন পর্যন্ত এ গ্রন্থাগারে ১৮টি সাময়িকী হার্ড কপি এবং ৭টি সিডিতে সংগ্রহ করা হয়েছে। ব্যান্সডক গ্রন্থাগার প্রদত্ত সার্ভিসসমূহ হচ্ছে–

**রেফারেন্স সার্ভিস**

ব্যান্সডক গ্রন্থাগারে পাঠকের চাহিদা ও প্রয়োজন অনুসারে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রের নির্দিষ্ট বিষয়ের ওপর তথ্যানুসন্ধানমূলক তথ্য প্রদানের ব্যবস্থা রয়েছে।

**রিসেন্ট বুক সার্ভিস**

রিসেন্ট বুক সার্ভিসের আওতায় ব্যান্সডক গ্রন্থাগার সাম্প্রতিক সময়ে সংগৃহীত বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক গ্রন্থের তালিকা দেশের বিভিন্ন গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠানসহ বিশ্ববিদ্যালয় এবং গবেষণা ও উন্নয়নমূলক কাজে নিয়োজিত গবেষকদের ব্যবহারের জন্য প্রেরণ করে।

**জার্নাল লিস্ট সার্ভিস**

জার্নাল লিস্ট সার্ভিসের আওতায় গ্রন্থাগারে সাম্প্রতিক সময়ে সংগৃহীত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সাময়িকীর তালিকা দেশের বিভিন্ন স্থানে গবেষণারত গবেষকদের কাছে প্রেরণ করা হয়।

**কারেন্ট এওয়ারনেস সার্ভিস**

কারেন্ট এওয়ারনেস সার্ভিসের আওতায় গ্রন্থাগারে সাম্প্রতিক সময়ে সংগৃহীত সাময়িকীর সূচিপত্র ফটোকপি করে বিষয় অনুযায়ী দেশের বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রের সকল গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠানসহ বিশ্ববিদ্যালয়সমূহের সংশ্লিষ্ট গবেষক/পাঠকদের অবহিত করার জন্য পাঠানো হয়।

**জার্নাল এক্সচেঞ্জ সার্ভিস**

ব্যান্সডক গ্রন্থাগারের সঙ্গে ভারতের ইন্সডক-এর জাতীয় বিজ্ঞান গ্রন্থাগারের ১৯৮৭ সালে সম্পাদিত চুক্তি অনুযায়ী বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক ১০টি করে সাময়িকী বিনিময়ের কর্মসূচি রয়েছে।

**ফটোকপি সার্ভিস**

পাঠক-পাঠিকাদের চাহিদানুযায়ী বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক ও অন্যান্য গ্রন্থ বা সাময়িকীর পৃষ্ঠা বা প্রবন্ধের অংশ বিশেষ নির্ধারিত ফি-এর বিনিময়ে ফটোকপি করার ব্যবস্থা রয়েছে ব্যান্সডক গ্রন্থাগারে।

ব্যান্সডক গ্রন্থাগার সকল কর্মদিবসে সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত। আপনিও আপনার প্রয়োজনীয় পাঠের জন্য ব্যান্সডক গ্রন্থাগারে যেতে পারেন।

ঠিকানা : ব্যান্সডক গ্রন্থাগার, মিরপুর রোড, (সিটি কলেজের উল্টো দিকে), ধানমন্ডি, ঢাকা-১২০৫, ফোন : ৫০৭১৯৬, ৮৬১০২২৪

❑ আল-আমিন